

গুণগান

৮ নং

তাল—একতালা

রাগিনী—ঝিঝিট

ঠাকুর গুরুচাঁদের মহিমা অপার ।

ও তার কি দিব তুলনা, জগতে মিলে না, বর্ণনাতে

সাধ্য নাই আমার ॥

- ১। পূর্ণব্রহ্ম যিনি স্বয়ং মূলাধার
জীবের ভাগ্যোদয়ে মানব অবতার ॥
ঠাকুর অনর্পিত ধন করেন বিতরণ
ধন্য কলিতে খুলেছে প্রেমের ভাণ্ডার ॥
- ২। দেবে যারে পূজে মনুষ্য কি ছার
অনন্ত না অন্ত পেয়েছে যাঁহার ।
করেন তাঁর কর্ম তিনি ভক্তাধীন যিনি
সুরধনী পদে জন্মিয়াছে যাঁর ॥

(অন্তরা)

আয় ভাই কে কে যাবি ঠাকুর দরশন রে,
আয় ভাই কে কে যাবি ঠাকুর দরশন ।
ঠাকুর দর্শন মাত্র পাবে মুক্তি সফল এ জীবন ॥

- ১। ঠাকুর দরশনে যাবি, কত যে আনন্দ পাবি,
দেখবি সেই রূপের ছবি প্রেমের মহাজন ।
ঠাকুর মন বুঝে ধন করবে প্রদান, বাঞ্ছা যার যেমন ॥
- ২। যদি বাসনা থাকে অন্তরে, 'হরিনাম' তরণী করে,
শ্রীগুরু কাণ্ডারী ধরে, নৌকা খোল এখন ।
গুরুচরণ বলে যায় বিফলে, মানব জীবন ॥

—গুরুচরণ